

## কারিগরি শিক্ষার উন্নয়নে বাড়তি ১০ কোটি ডলার দেবে বিশ্বব্যাংক

### ■ ইত্তেফাক রিপোর্ট

আন্তর্জাতিক শ্রম বাজার উপযোগী দক্ষ জনশক্তি তৈরি করতে দেশের কারিগরি ও ভোকেশনাল শিক্ষা প্রতিষ্ঠানগুলোর মান উন্নয়নের প্রকল্পে বাড়তি ১০ কোটি ডলার সহায়তা দেবে বিশ্বব্যাংক। 'স্কিলস এন্ড ট্রেনিং এনহেন্সমেন্ট প্রজেক্ট' এ অর্থ ব্যয় করা হবে। গতকাল এ লক্ষ্যে সরকার ও বিশ্বব্যাংকের মধ্যে একটি চুক্তি স্বাক্ষর হয়েছে। চুক্তিতে অর্থনৈতিক সম্পর্ক বিভাগের (ইয়ারডি) অতিরিক্ত সচিব কাজী শফিকুল আয়ম এবং বিশ্বব্যাংকের ভারপ্রাপ্ত কান্ট্রি ডিরেক্টর মার্টিন রামা স্বাক্ষর করেন।

চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে জানানো হয়, ২০১০ সাল থেকে দেশের কারিগরি প্রশিক্ষণ প্রতিষ্ঠানগুলোকে শক্তিশালী করার মাধ্যমে প্রশিক্ষণের মানোন্নয়ন করতে প্রকল্পটির বাস্তবায়ন শুরু হয়। এর উদ্দেশ্য হলো দেশে আন্তর্জাতিক মানের দক্ষ জনশক্তি গড়ে তোলা। প্রকল্পটি এ পর্যন্ত দক্ষ জনশক্তি গড়তে যথেষ্ট সফল বলে জানানো হয়। এ সফলতার ধারা বজায় রাখতে প্রকল্পটির মেয়াদ বাড়ানো হচ্ছে। আগে প্রকল্পটি চলতি বছর ২০১৬ সালে শেষ হওয়ার কথা থাকলেও বিশ্বব্যাংকের অতিরিক্ত অর্থায়নের ফলে এটি ২০১৯ সাল পর্যন্ত মেয়াদ বাড়ানো হচ্ছে। অনুষ্ঠানে মার্টিন রামা বলেন, এ প্রকল্পটি বাংলাদেশের জন্য অনেক বেশি উপযোগী বলে মনে করে বিশ্বব্যাংক। এর উপযোগিতা বিবেচনা করে প্রকল্পটি আরো বেশি দিন ধরে বাস্তবায়নের জন্য অতিরিক্ত অর্থায়ন করা হচ্ছে। ৬ বছরের রেয়াতকালসহ ৩৮ বছরে এ ঋণ পরিশোধ করতে হবে। এর সুদ হার শূন্য দশমিক ৭৫ শতাংশ।